নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৬/২৪১৯ ২০ জানুয়ারি ২০২৬

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নোবিপ্রবিতে স্কুল ইন্টার্নশিপ কর্মশালা অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষা বিভাগের আয়োজনে স্কুল ইন্টার্নশিপ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২০ জানুয়ারি ২০২৬) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলে (আইকিউএসি) এ কর্মশালা অনুষ্ঠিত হয়। নোবিপ্রবি শিক্ষা বিভাগের আয়োজনে এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

কর্মশালায় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, বাংলা মাধ্যমের পাশাপাশি ইংরেজি মাধ্যমের শিক্ষাপ্রতিষ্ঠান নিয়ে যারা কাজ করেন তাদের সুন্দর কর্মপরিবেশ সৃষ্টি করে দেওয়া উচিৎ। আমাদের সন্তানরা বর্তমান বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে ইংরেজী মাধ্যমে অধ্যয়ন করবে যা অভিভাবক হিসেবে আমাদের জন্য অত্যন্ত গৌরবের। বিশ্ববিদ্যালয়কে র‍্যাঙ্কিংয়ে এগিয়ে নিতে হলে ইংরেজীসহ আর্টস এন্ড হিউম্যানিটিজ এর বিষয়গুলোতে বিশেষভাবে গুরুত্বারোপ করতে হবে। যে বিষয়গুলোতে আমরা পিছিয়ে আছি সেসব বিষয়ে মানসম্পন্ন শিক্ষক নিয়োগ করতে হবে তবেই মানসম্পন্ন গ্র্যাজুয়েট তৈরি হবে।

শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর সরকারের সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা শিক্ষা অফিসার জনাব নুরুদ্দিন মো. জাহাঙ্গীর, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শামীমা আক্তার। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন নোবিপ্রবি শিক্ষা বিভাগের ৫ম ব্যাচের কোর্স কো-অর্ডিনেটর সৈয়দ মো. সিয়াম। কর্মশালায় নোবিপ্রবির বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী ও জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকবৃন্দ অংশ নেয়।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪